# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মাগরিবের আগে দুই রাকাত সালাত আদায় করার ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কর্তৃক নির্দেশ

ذِكْرُ أَمْرِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالرَّكْعَتَيْنِ قَبْلَ صَلَاةِ الْمَغْرِبِ

আরবী

1586 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ عَبْدِ الصَّمَدِ بْنِ عَبْدِ الْوَارِثِ حَدَّثَنَا أَبِي حَدَّثَنِي أَبِي حَدَّثَنَا حُسَيْنٌ الْمُعَلِّمُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ بُرَيْدَةَ أَنَّ عَبْدَ اللَّهِ الْمُزَنِيَّ حَدَّثَهُ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى قَبْلَ الْمَغْرِبِ رَكْعَتَيْنِ [ثُمَّ قَالَ: (صَلُّوا قَبْلَ الْمَغْرِبِ رَكْعَتَيْنِ)] ثُمَّ قَالَ عِنْدَ الثَّالِثَةِ: (لِمَنْ شَاءَ) خَافَ أن يحسبها الناس سنة.

الراوي : عَبْدَ اللَّهِ الْمُزَنِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1586 | خلاصة حكم المحدث: شاذ بذكر صلاته - صلى الله عليه وسلم - ((الضعيفة)) (5662).

বাংলা

১৫৮৬. আব্দুল্লাহ আল মুযানী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল  সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মাগরিবের আগে দুই রাকা‘আত সালাত আদায় করতেন। তারপর তিনি বলেছেন, “তোমরা মাগরিবের আগে দুই রাকা‘আত সালাত আদায় করবে।” এভাবে তৃতীয়বার বলেন, “যে ব্যক্তি পড়তে চায়।” এটা এই আশংকায় বলেন যে, লোকজন এটাকে যথারীতি নিয়ম মনে করবে।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১২৮৩; সহীহ আল বুখারী: ১১৮৩; আবূ দাঊদ: ১২৮১; সুনান বাইহাকী: ২/৪৭৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৯৪; দারাকুতনী: ২/২৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর অংশসহ শায বা দুর্বল আখ্যা দিয়েছেন। (আর রওদ্বুন নাদ্বীর: ২৯৭)

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ মুযানী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91180

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন